রেজিষ্টার্ড নং ডি এ–১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, জানুয়ারী ২৯, ১৯৯২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

যোগাযোগ মন্ত্রণালয়

সড়ক ও সড়ক পরিবহণ বিভাগ

এমভিআরটি শাখা

## প্রজ্ঞাপন

ঢাকা ঃ ১৫ই মাঘ ১৩৯৮/২৯শে জানুয়ারী ১৯৯২

এস, আর, ও, নং ২১–আইন/৯২—Motor Vehicles Ordinance, 1983 (Ord. No. LV of 1983) এর section 2D তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথা ঃ—

১। সংক্ষিপ্ত শিরনামা।–এই বিধিমালা বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ১৯৯২ নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞাসমূহ।–বিষয় কিংবা প্রসংগের পরিপন্থী কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(ক) ''কমিশন" বলিতে বাংলাদেশ সরকারী কর্ম কমিশনকে বুঝাইবে।

(খ) ''তফসিল" বলিতে বিধিমালার সহিত সংযোজিত তফসিল বুঝাইবে।

(গ) ''নিয়োগকারী কর্তৃপক্ষ" বলিতে Motor Vehicles Ordinance, 1983 (Ord. No. LV of 1983) এর section 2A এর অধীনে গঠিত অথরিটিকে বুঝাইবে।

(ঘ) "নির্দিষ্টকৃত পদ" বলিতে তফসিলে উল্লেখিত পদ বুঝাইবে।



মূল্য ঃ টাকা ৩.০০

(ঙ) "প্রয়োজনীয় যোগ্যতা" বলিতে তফসিলে নির্দিষ্টকৃত পদের যোগ্যতা বুঝাইবে।

(চ) "শিক্ষানবিস" বলিতে নির্দিষ্টকৃত পদে শিক্ষানবিস হিসাবে নিযুক্ত কোন ব্যক্তিকে বুঝাইবে, এবং

(ছ) "স্বীকৃতিপ্রাপ্ত বিশ্ববিদ্যালয়" বা "স্বীকৃতিপ্রাপ্ত বোর্ড" বলিতে আপাততঃ বলবৎ কোন আইনের দ্বারা বা আইনের অধীনে প্রতিষ্ঠিত কোন বিশ্ববিদ্যালয় বা বোর্ডকে বুঝাইবে এবং এই বিধির উদ্দেশ্য পূরণকল্পে, কমিশনের সহিত পরামর্শক্রমে, সরকার কর্তৃক অনুমোদিত বলিয়া ঘোষিত অন্য কোন বিশ্ববিদ্যালয় বা বোর্ড ইহার অন্তর্ভুক্ত হইবে।

৩। নিয়োগ পদ্ধতি।—(১) তফসিলে বর্ণিত বিধান সাপেক্ষে এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ২৯(৩) এর উদ্দেশ্য পূরণকল্পে সংরক্ষণ সংক্রান্ত নির্দেশাবলী সাপেক্ষে কোন নির্দিষ্টকৃত পদে নিম্ন বিধৃত পদ্ধতিতে নিয়োগ দান করা হইবে ঃ—

(ক) সরাসরি নিয়োগের মাধ্যমে,

(খ) পদোন্নতির মাধ্যমে,

(গ) প্রেষণে বদলীর মাধ্যমে।

২। কোন ব্যক্তিকে কোন নির্দিষ্টকৃত পদে নিয়োগ করা হইবে না যদি তজ্জন্য প্রয়োজনীয় যোগ্যতা তাহার না থাকে এবং, সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার বয়স উক্ত পদের জন্য তফসিলে বর্ণিত বয়ঃসীমার মধ্যে না হয়।

৪। সরাসরি নিয়োগ।—(১) কমিশনের সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতাভুক্ত কোন নির্দিষ্টকৃত পদে কোন ব্যক্তিকে সরাসরি নিয়োগ করা চলিবে না।

(২) কমিশনের আওতা বর্হিভূত পদসমূহের ক্ষেত্রে সংশ্লিষ্ট বাছাই কমিটির সুপারিশ ব্যতিরেকে কোন নির্দিষ্টকৃত পদে সরাসরি নিয়োগ করা চলিবে না।

(৩) নির্দিষ্টকৃত পদে সরাসরি নিয়োগের জন্য কোন ব্যক্তি যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না, যদি তিনি—

(ক) বাংলাদেশের নাগরিক না হন, অথবা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন, অথবা বাংলাদেশের ডমিসাইল না হন।

তবে যে ব্যক্তি পূর্ব হইতেই প্রজাতন্ত্রের চাকুরীতে নিযুক্ত রহিয়াছেন তাহার ক্ষেত্রে এই দফা প্রযোজ্য হইবে না।

(খ) এমন কোন ব্যক্তিকে বিবাহ করেন অথবা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন যিনি বাংলাদেশের নাগরিক নহেন।

(৪) কোন নির্দিষ্টকৃত পদে সরাসরি নিয়োগ করা হইবে না, যদি—

(ক) নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির স্বাস্থ্য পরীক্ষার উদ্দেশ্যে স্বাস্থ্য অধিদপ্তরের মহা-পরিচালক কর্তৃক গঠিত মেডিক্যাল বোর্ড অথবা, ক্ষেত্র বিশেষে, তৎ কর্তৃক মনোনীত কোন মেডিক্যাল অফিসার এই মর্মে প্রত্যায়ন না করেন যে, উক্ত ব্যক্তি স্বাস্থ্যগতভাবে অনুরূপ পদে নিয়োগযোগ্য এবং তিনি এইরূপ কোন দৈহিক বৈকল্য ভুগিতেছেন না, যাহা নির্দিষ্টকৃত পদের দায়িত্ব পালনে কোন ব্যাঘাত সৃষ্টি করিতে পারে; এবং

(খ) এইরূপ বাছাইকৃত ব্যক্তির পূর্ব কার্যকলাপ যথাযোগ্য এজেন্সীর মাধ্যমে তদন্ত না হইয়া থাকে, বা তৎপূর্বে তদন্তের ফলে দেখা যায় যে, প্রজাতন্ত্রের চাকুরিতে নিযুক্তির জন্য তিনি অনুপযুক্ত নহেন।

(৫) কোন ব্যক্তিকে কোন নির্দিষ্টকৃত পদে নিয়োগের জন্য সুপারিশ করা হইবে না, যদি তিনি—

(ক) উক্ত পদের জন্য কমিশন কর্তৃক বা নিয়োগ কর্তৃপক্ষ কর্তৃক দরখাস্ত আহ্বানের বিজ্ঞপ্তিতে উল্লেখিত ফি সহ যথাযথ ফরমে ও নির্দিষ্ট তারিখের মধ্যে দরখাস্ত দাখিল না করেন।

(খ) সরকারী চাকুরী কিংবা কোন স্থানীয় কর্তৃপক্ষের চাকুরীতে নিয়োজিত থাকাকালে স্বীয় উর্দ্ধতন কর্মকর্তার মাধ্যমে দরখাস্ত দাখিল না করেন।

৫। পদোন্নতির মাধ্যমে নিয়োগ।-(১) এতদুদ্দেশ্যে সরকার কর্তৃক গঠিত সংশ্লিষ্ট বাছাই/নির্বাচন কমিটির সুপারিশের ভিত্তিতে নির্দিষ্টকৃত পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবেঃ

তবে শর্ত থাকে যে, ৩য় শ্রেণী হইতে ২য় শ্রেণী এবং ৩য় ও ২য় শ্রেণী হইতে ১ম শ্রেণীর নির্দিষ্টকৃত পদে কমিশনের সুপারিশ ব্যতীত পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে না।

(২) যদি কোন ব্যক্তির চাকুরীর বৃত্তান্ত সন্তোষজনক না হয় তাহা হইলে তিনি নির্দিষ্টকৃত পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না।

৬। শিক্ষানবিস।—(১) স্থায়ী শূণ্য পদের বিপরীতে নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তিকে শিক্ষানবিস স্তরে—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, নিয়োগের তারিখ হইতে দুই বৎসরের জন্য,

(খ) পদোন্নতির ক্ষেত্রে, নিয়োগের তারিখ হইতে এক বৎসরের জন্য নিয়োগ করা হইবে। তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করিয়া শিক্ষানবিসীর মেয়াদ এইরূপ সম্প্রসারণ করিতে পারেন যাহাতে বর্ধিত মেয়াদ সর্বসাকুল্যে দুই বৎসরের অধিক না হয়।

(২) যে ক্ষেত্রে কোন শিক্ষানবিসের শিক্ষানবিসীর মেয়াদ চলাকালে নিয়োগকারী কর্তৃপক্ষ মনে করেন যে, তাহার আচরণ ও কর্ম সন্তোষজনক নহে, কিংবা তাহার কর্ম দক্ষ হওয়ার সম্ভাবনা নাই, সে ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ-

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, শিক্ষানবিসের চাকুরীর অবসান ঘটাইতে পারিবেন,

(খ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবেন।

(৩) শিক্ষানবিসীর মেয়াদ, বর্ধিত মেয়াদ থাকিলে তাহাসহ, সম্পূর্ন হওয়ার পর নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) যদি এই মর্মে সন্তোষ্ট হন যে, শিক্ষানবিসীর মেয়াদ চলাকালে কোন শিক্ষানবিসের আচরণ ও কর্ম সন্তোষজনক, তাহা হইলে (৪) উপ-বিধির বিধান স্বাপেক্ষে, তাহাকে চাকুরীতে স্থায়ী করিবেন; এবং

(খ) যদি মনে করেন যে, উক্ত মেয়াদ চলাকালে শিক্ষানবিসের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল না, তাহা হইলে উক্ত কর্তৃপক্ষ-

(অ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার চাকুরীর অবসান ঘটাইতে পারিবেন; এবং

(আ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবেন।

(৪) কোন শিক্ষানবিসকে কোন নির্দিষ্টকৃত পদে স্থায়ী করা হইবে না যতক্ষন না সরকারী আদেশ বলে, সময়ে সময়ে, যে পরীক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়, সেই পরীক্ষায় তিনি পাস করেন ও প্রশিক্ষণ গ্রহণ করেন।

৭। রহিতকরণ।—The Gazetted Officers and Non-Gazetted Employees (Directorate of Road Transport Maintenance) Recruitment Rules, 1984 এতদ্বারা রহিত করা হইল।

তফসিল

| ক্রমিক নং | নির্দিষ্টকৃত পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়স সীমা | নিয়োগ পদ্ধতি | যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১। | পরিচালক (ইঞ্জিনিয়ারিং) | .. | উপ–পরিচালক (ইঞ্জিনিয়ারিং) পদ হইতে পদোন্নতির মাধ্যমে। পদোন্নতি যোগ্য বিভাগীয় প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে নিয়োগের মাধ্যমে | ফিডার পদে অন্যুন ০৭ (সাত) বৎসরের অভিজ্ঞতাসহ ১ম শ্রেণীর পদে অন্যুন ১২(বার) বৎসরের চাকুরী। |
| ২। | পরিচালক (প্রশাসন ও ট্রান্সপোর্ট প্ল্যানিং) | .. | উপ–পরিচালক (প্রশাসন) উপ–পরিচালক (অর্থ)/সচিব পদ হইতে পদোন্নতির মাধ্যমে। পদোন্নতি যোগ্য বিভাগীয় প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে নিয়োগের মাধ্যমে। | এক বা একাধিক ফিডার পদে অন্যুন ০৭ (সাত) বৎসরের অভিজ্ঞতাসহ ১ম শ্রেণীর পদে অন্যুন ১২(বার) বৎসরের চাকুরী। |
| ৩। | উপ–পরিচালক (ইঞ্জিনিয়ারিং) | .. | সহকারী পরিচালক (ইঞ্জিনিয়ারিং) পদ হইতে পদোন্নতির মাধ্যমে। পদোন্নতিযোগ্য বিভাগীয় প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে নিয়োগের মাধ্যমে। | ফিডার পদে অন্যুন ০৭ (সাত) বৎসরের চাকুরী। |
| ৪। | উপ–পরিচালক (প্রশাসন) | .. | সহকারী পরিচালক (প্রশাসন)/সহকারী পরিচালক (ইঞ্জি–নিয়ারিং)/সহকারী পরিচালক (চেয়ারম্যানের একান্ত সচিব)/হিসাব রক্ষণ কর্মকর্তা/রেভিনিউ কর্মকর্তার পদ হইতে পদোন্নতির মাধ্যমে। পদোন্নতিযোগ্য বিভাগীয় প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে নিয়োগের মাধ্যমে। | এক বা একাধিক ফিডার পদে অন্যুন ০৭ (সাত) বৎসরের চাকুরী। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৫। | উপ-পরিচালক (অর্থ) | .. | হিসাব রক্ষণ কর্মকর্তা/রেভিনিউ কর্মকর্তা/সহকারী পরিচালক (প্রশাসন)/সহকারী পরিচালক (চেয়ারম্যানের একান্ত সচিব) পদ হইতে পদোন্নতির মাধ্যমে। পদোন্নতি যোগ্য বিভাগীয় প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে নিয়োগের মাধ্যমে। | এক বা একাধিক ফিডার পদে অন্যূন ০৭ (সাত) বৎসরের চাকুরী। |
| ৬। | সচিব | - | সহকারী পরিচালক (প্রশাসন)/সহকারী পরিচালক (ইঞ্জিনিয়ারিং)/সহাকারী পরিচালক (চেয়ারম্যানের একান্ত সচিব)/রেভিনিউ কর্মকর্তা/হিসাব রক্ষণ কর্মকর্তা পদ হইতে পদোন্নতির মাধ্যমে। পদোন্নতি যোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে নিয়োগের মাধ্যমে। | এক বা একাধিক ফিডার পদে অন্যূন ০৭ (সাত) বৎসরের চাকুরী। |
| ৭। | সহকারী পরিচালক (ইঞ্জিনিয়ারিং) | .. | (ক) ৫০% ভাগ মোটরযান পরিদর্শক পদ হইতে পদোন্নতির মাধ্যমে। | (ক) পদোন্নতির ক্ষেত্রেঃ মোটরযান পরিদর্শক পদে অন্যূন ০৪ (চার) বৎসরের চাকুরী। |
| | | অনুর্ধ ৩০ বৎসর | (খ) ৫০% ভাগ সরাসরি নিয়োগের মাধ্যমে। | (খ) সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ কোন স্বীকৃতিপ্রাপ্ত বিশ্ববিদ্যালয় হইতে অটো-মোবাইলস অথবা মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং এ অন্যূন স্নাতক ডিগ্রী অথবা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |

| | | | |
|---|---|---|---|
| ৮। | সহকারী পরিচালক (প্রশাসন)/সহকারী পরিচালক (চেয়ারম্যানের একান্ত সচিব) .. | প্রধান সহকারী পদ হইতে পদোন্নতির মাধ্যমে। পদোন্নতিরযোগ্য প্রধান সহকারী পাওয়া না গেলে উচ্চমান সহকারী/সাঁটলিপিকার পদ হইতে পদোন্নতির মাধ্যমে। পদোন্নতিযোগ্য কোন বিভাগীয় প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে নিয়োগের মাধ্যমে। | প্রধান সহকারী পদে অন্যুন ০৭(সাত) বৎসরের চাকুরী বা উচ্চমান সহকারী/সাঁটলিপিকার/প্রধান সহকারী হিসাবে এক বা একাধিক ফিডার পদে অন্যুন ১০ (দশ) বৎসরের চাকুরী। |
| ৯। | হিসাব রক্ষণ কর্মকর্তা .. | হিসাব রক্ষক পদ হইতে পদোন্নতির মাধ্যমে। পদোন্নতি যোগ্য বিভাগীয় প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে নিয়োগের মাধ্যমে। | ফিডার পদে অন্যুন ১০(দশ) বৎসরের চাকুরী। |
| ১০। | রেভিনিউ কর্মকর্তা .. | প্রধান সহকারী পদ হইতে পদোন্নতির মাধ্যমে। পদোন্নতি যোগ্য প্রধান সহকারী পাওয়া না গেলে উচ্চমান সহকারী/সাঁটলিপিকার পদ হইতে পদোন্নতির মাধ্যমে। পদোন্নতি যোগ্য কোন বিভাগীয় প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে নিয়োগের মাধ্যমে। | প্রধান সহকারী পদে অন্যুন ০৭ (সাত) বৎসরের চাকুরী বা উচ্চমান সহকারী/সাঁটলিপিকার/প্রধান সহকারী হিসাবে এক বা একাধিক ফিডার পদে অন্যুন ১০ (দশ) বৎসরের চাকুরী। |
| ১১। | মোটরযান পরিদর্শক — | (ক) ৩৪% পদ মেকানিক্যাল এ্যাসিষ্ট্যান্ট পদ হইতে পদোন্নতির মাধ্যমে। | (ক) পদোন্নতির ক্ষেত্রেঃ ফিডার পদে অন্যুন ০৬ (ছয়) বৎসরের চাকুরী। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| | | অনূর্ধ ৩০ বৎসর | (খ) ৬৬%পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | (খ) সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ বাংলাদেশ কারিগরী শিক্ষা বোর্ড কর্তৃক অনুমোদিত অটোমোবাইলস/পাওয়ার টেকনোলজিতে ০৩ (তিন) বৎসর মেয়াদী ডিপ্লোমা অথবা উহার সমমানের ডিপ্লোমা পরীক্ষায় উত্তীর্ণ এবং তৎসহ অনূন ০৩ (তিন) বৎসরের চাকুরী। |
| ১২। | প্রধান সহকারী | – | উচ্চমান সহকারী/সাঁটলিপিকার পদ হইতে পদোন্নতির মাধ্যমে। | একক বা উভয় ফিডার পদে অনূন ০৩ (তিন) বৎসরের চাকুরী। |
| ১৩। | হিসাব রক্ষক | .. | হিসাব সহকারী/ক্যাশিয়ার পদ হইতে পদোন্নতির মাধ্যমে। | একক বা উভয় ফিডার পদে অনূন ০৫ (পাঁচ) বৎসরের চাকুরী। |
| ১৪। | উচ্চমান সহকারী | অনূর্ধ ৩০ বৎসর | (ক) ৩৪% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ কোন স্বীকৃতি প্রাপ্ত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক ডিগ্রী। |
| | | | (খ) ৬৬% পদ নিম্নমান সহকারী-কাম-মুদ্রাক্ষরিক/সাঁট-মুদ্রাক্ষরিক/ষ্টোরকিপার/রেকর্ড কিপার পদ হইতে পদোন্নতির মাধ্যমে। | (খ) পদোন্নতির ক্ষেত্রেঃ এক বা একাধিক ফিডার পদে অনূন ০৫ (পাঁচ) বৎসরের চাকুরী। |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৫। | সাঁটলিপিকার | অনূর্ধ্ব ৩০ বৎসর | The Stenographer and Steno-typists (Ministries, Divisions and Attached Departments) Recruitment Rules, 1978 (১৬-৫-৭৮ইং তারিখের No. S.R.O. 109-L/ED/SWIII-3-18/78-128 এবং ১৬-২-৮৬ইং তারিখের No. S.R.O. 57L/86) অনুযায়ী। | |
| ১৬। | সাঁট-মুদ্রাক্ষরিক | ঐ | ঐ | |
| ১৭। | আর্টিষ্ট | ঐ | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন অনুমোদিত শিক্ষা বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষায় পাস। তবে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা উচ্চ মাধ্যমিক সার্টিফিকেটে চিত্রকলা একটি পাঠ্য বিষয় হিসাবে থাকিতে হইবে অথবা কোন অনুমোদিত ইনষ্টিটিউট হইতে ০১ (এক) বৎসরের সংশ্লিষ্ট বিষয়ে সার্টিফিকেট পাস। |
| ১৮। | মেকানিক্যাল এ্যাসিষ্ট্যান্ট | ঐ | ঐ | কোন অনুমোদিত শিক্ষা বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষায় পাস এবং তৎসহ বাংলাদেশ কারিগরী শিক্ষা বোর্ডের অনুমোদিত প্রতিষ্ঠান হইতে অটোমোবাইল/অটোমোটিভ ট্রেড এ কারিগরী বৃত্তিমূলক ২য় পর্ব পাস। |
| ১৯। | ড্রাফটসম্যান (মেকানিক্যাল) | ঐ | ঐ | কোন অনুমোদিত শিক্ষা বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষায় পাস এবং তৎসহ বাংলাদেশ কারিগরী শিক্ষা বোর্ডের অনুমোদিত প্রতিষ্ঠান হইতে মেকানিক্যাল ড্রাফটসম্যান শীপে কারিগরী বৃত্তিমূলক ২য় পর্ব পাস। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| --- | --- | --- | --- | --- |
| ২০। | হিসাব সহকারী/ক্যাশিয়ার/ষ্টোর-কিপার/রেকর্ড কিপার | অনূর্ধ ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন অনুমোদিত শিক্ষা বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষায় পাস। |
| ২১। | নিম্নমান সহকারী-কাম-মুদ্রাক্ষরিক | ঐ | নিম্নমান সহকারী-তথা মুদ্রাক্ষরিক, প্লেইন পেপার কপিয়ার, ডুপ্লিকেটিং মেশিন অপারেটর, দপ্তরী, ডেসপাচ রাইডার ও এম, এল, এস, এস (মন্ত্রণালয়/বিভাগ ও সংযুক্ত অধিদপ্তর) নিয়োগ বিধি, ১৯৮৫ (১২-৩-৮৫ইং তারিখের নং এস, আর, ও ১২৭-এল/৮৫ এবং ২০-৯-৮৭ ইং তারিখের নং এস, আর, ও ১১৯-আইন/৮৭ সম(এডি-১)-১৫০/৮৬) অনুযায়ী। | |
| ২২। | ড্রাইভার | ঐ | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কমপক্ষে অষ্টম শ্রেণী পাস এবং হালকা/ভারী গাড়ী চালনার বৈধ লাইসেন্সসহ যানবাহন চালনায় অভিজ্ঞতা সম্পন্ন হইতে হইবে। |
| ২৩। | ডেসপাচ রাইডার | .. | নিম্নমান সহকারী তথা মুদ্রাক্ষরিক, প্লেইন পেপার কপিয়ার, ডুপ্লিকেটিং মেশিন অপারেটর, দপ্তরী, ডেসপাচ রাইডার ও এম, এল, এস, এস (মন্ত্রণালয়/বিভাগ ও সংযুক্ত অধিদপ্তর) নিয়োগ বিধি, ১৯৮৫ (১২-৩-৮৫ইং তারিখের নং এস, আর, ও ১২৭-এল/৮৫) অনুযায়ী। | |
| ২৪। | ডুপ্লিকেটিং মেশিন অপারেটর | .. | ঐ | |

| | | | | |
|---|---|---|---|---|
| ২৫। | ক্যাশ সরকার | .. | এম,এল,এস,এস দের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে। | কোন অনুমোদিত শিক্ষা বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষায় পাস ও তৎসহ ফিডার পদে ০৩ (তিন) বৎসরের চাকুরী। |
| ২৬। | এম,এল,এস,এস | .. | নিম্নমান সহকারী তথা মুদ্রাক্ষরিক, প্লেইন পেপার কপিয়ার, ডুপ্লিকেটিং মেশিন অপারেটর, দপ্তরী, ডেসপাচ রাইডার ও এম, এল, এস, এস (মন্ত্রণালয়/বিভাগ ও সংযুক্ত অধিদপ্তর) নিয়োগ বিধি, ১৯৮৫ (১২-৩-৮৫ইং তারিখের নং এস, আর, ও ১২৭-এল/৮৫ এবং ২০-৯-৮৭ ইং তারিখের নং এস, আর, ও ১৯৯-আইন/৮৭ সম(এডি-১)-১৫০/৮৬) অনুযায়ী। | |
| ২৭। | গার্ড | অনুর্ধ ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | অষ্টম শ্রেণী পাস এবং শারীরিক যোগ্যতা সম্পন্ন হইতে হইবে। |
| ২৮। | সুইপার | ঐ | সরাসরি নিয়োগের মাধ্যমে। | অষ্টম শ্রেণী পাস । |

রাষ্ট্রপতির আদেশক্রমে,

এম, এ, রকিব
যুগ্ম-সচিব (প্রশাসন)।